

## ছাত্র ও অভিভাবকদের জ্ঞাতব্য

### নিয়মাবলী

সুষ্ঠুভাবে প্রতিষ্ঠান পরিচালনা করা এবং শিক্ষার উপযুক্ত পরিবেশ গড়ে তোলার জন্য সেন্ট প্ল্যাসিড্‌স্ এর কতকগুলো নিজস্ব নিয়ম-নীতি আছে। ছাত্রদের মধ্যে সত্যবোধ, ন্যায়নিষ্ঠা, ভদ্রতা, শালীনতা, শিষ্টাচার ও শ্রদ্ধাবোধ দৃঢ়ভাবে প্রোথিত করার জন্য এখানে এসব নিয়ম পালনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। সংশ্লিষ্ট সবারই লক্ষ্য থাকে যেন প্রতিটি ছাত্রই সবার কাছে অকপট, অকৃত্রিম ও আন্তরিকভাবে বিনয়ী ও ভদ্র বলে পরিচিত হতে পারে। কেননা এ প্রতিষ্ঠান প্রাঙ্গণে ও প্রতিষ্ঠানের বাইরে সবাই তাদের কাছ থেকে আদর্শ ছাত্রসুলভ ও ভদ্রোচিত আচরণ প্রত্যাশা করে। তাই প্রতিষ্ঠান কর্তৃপক্ষ, শিক্ষকমণ্ডলী, কর্মচারী, অগ্রজ ও সহপাঠী এক কথায় সবার সঙ্গে আচার-আচরণে ন্যায়-নীতি ও শ্রদ্ধাবোধ, ভদ্রতা ও শিষ্টাচার বজায় রাখতে হবে।

#### ১। শ্রেণিকক্ষ ও ক্যাম্পাসে আচরণ

ক) প্রতিষ্ঠানে ছাত্রদের উপস্থিতির হার ১০০% হওয়া কাম্য। আমরা আশা করি, প্রত্যেক ছাত্র ১০০% ক্লাসে উপস্থিত থাকবে।

খ) শুধু কুইজে অংশগ্রহণ করার জন্যই আসা উচিত নয়। ক্লাসে এলে কুইজ, থিউরি ক্লাসসহ সবকিছুতেই অংশগ্রহণ করতে হবে।

গ) থিউরী ক্লাস শুরু হবার পর ক্লাস শেষ না হওয়া পর্যন্ত সকল ছাত্রের প্রতিষ্ঠান ক্যাম্পাসেই থাকতে হবে। অর্থাৎ টিফিন পিরিয়ডেও ক্যাম্পাসেই থাকা এবং গেইটের বাইরে যেতে পারবে না।

ঘ) প্রতিষ্ঠানে মোবাইল ফোন আনা যাবে না। প্রয়োজনে অভিভাবকদের সাথে যোগাযোগ রক্ষার্থে প্রতিষ্ঠানের অফিস কক্ষের ফোন ব্যবহার করা যাবে।

ঙ) অত্র প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে ক্লাসে আসা বাধ্যতামূলক। ইউনিফর্ম শুধু বাহ্যিক কোন পরিধান নয়। ইউনিফর্ম মানুষের আত্মোপলব্ধি বাড়িয়ে দায়িত্ববোধ সচেতন করে তোলে, যা তার আচরণ নিয়ন্ত্রণে সহায়ক। তাই ছাত্ররা ইউনিফর্মটিকে সেভাবেই গুরুত্ব প্রদান করবে।

চ) পাঠদান ও পাঠ গ্রহণের জন্য নীরব ও শান্ত পরিবেশ দরকার। সুতরাং এরূপ পরিবেশ রক্ষাকল্পে কলেজ ক্যাম্পাস, কলেজ বিল্ডিং এবং ক্লাসরুমে যেকোন ধরনের হৈচৈ, চিৎকার বা শব্দ করা একেবারেই নিষিদ্ধ। পাঠদানের সময় অপ্রয়োজনীয় কথা বলে শিক্ষককে বিরক্ত করা একেবারেই কাম্য নয়।

ছ) কোন ছাত্র অসুস্থতার কারণে কলেজে আসতে না পারলে, অতিসত্বর ব্যক্তিগতভাবে বা টেলিফোনের মাধ্যমে ছাত্র পরিচালক দপ্তরকে অবহিত করতে হবে। পরে অসুস্থতার প্রমাণ পত্র দাখিল করত অনুপস্থিতি মার্জনা করা যাবে অন্যথায় বিবেচনা করা হবে না।

জ) অপরিচিত কারো প্ররোচনায় কলেজের বাইরে বা কলেজের আশেপাশে কোন অপরিচিত জায়গায় যাওয়া থেকে বিরত থাকবে।